
PS + YOU

চ্যান্সেলর **মেলিসা অ্যাভিলেস্-রামোস**-এর কাছ থেকে একটি নিউজলেটার






**বৌদ্ধিক কৌতুহল প্রজ্জ্বলিত করা**

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

সোমবার, আমাদের তৃতীয় বার্ষিক 'আমাদের স্কুলগুলোর অবস্থা' বিষয়ক ভাষণের ক্ষেত্রে, আমরা এটি কিছুটা ভিন্নভাবে কাজ করেছি।

প্রথমে, আমরা মঞ্চে একটি প্যানেল আলোচনার আয়োজন করেছি, যেন আমরা আমাদের শিক্ষার্থী, কর্মী, এবং পরিবারদের কাছ থেকে সরাসরি শুনতে পারি। চিফ অভ স্টাফ কেনিটা লয়েড (Kenita Lloyd) এই আলোচনাটি পরিচালনা করেন, যেখানে NYC সলভস্ থেকে শুরু করে পরিবারদের ক্ষমতায়ন পর্যন্ত বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত হয়েছে। প্যানেলিস্টদের প্রতিফলন শোনার সময়, নিউ ইয়র্কবাসীদের—শিক্ষার্থী, পরিবার, কর্মী, কমিউনিটির সদস্য এবং আরও অনেকে—যাদের নিষ্ঠা আমাদের প্রতিদিন কাজে উদ্বুদ্ধ করে—তাদের সাথে এমন একটি কক্ষে থাকতে পেরে আমি কৃতজ্ঞ বোধ করছি।

তারপর আমি আমার বক্তব্য প্রদান করেছি, যা একটি একক চিত্রের উপর কেন্দ্রীভূত ছিল: একটি স্ফুলিঙ্গ। আমি NYC রিডস্, NYC সলভস্, এবং স্টুডেন্ট প্যাথওয়েজ-এর মাধ্যমে শিক্ষায়তনিক কঠোরতা এবং গভীরভাবে শেখার

প্রতি মনোনিবেশ করে আমাদের শিক্ষার্থীদের মধ্যে বৌদ্ধিক কৌতূহল প্রজ্জ্বলিত করার বিভিন্ন উপায় নিয়ে কথা বলেছি। আমাদের নতুন অগ্রাধিকারপ্রাপ্ত উদ্যোগ - NYCPS কেয়ারস্, সংযোগ এবং যত্নের শক্তি ব্যবহার করে কীভাবে একটি স্ফুলিঙ্গ প্রজ্জ্বলিত করছে তা আমি শেয়ার করেছি।

এছাড়াও আমি আনন্দের সাথে বেশ কিছু ঘোষণা করেছি, এতে অন্তর্ভুক্ত নতুন NYC রিডস্ পাঠ্যক্রমের মাধ্যমে ইংরেজি ভাষা শিক্ষার্থীদের সহায়তা করতে 40-টি স্কুলের পাইলট প্রকল্প; AI সম্পর্কিত আমাদের বিভিন্ন প্রয়াশে নির্দেশনা দেয়ার জন্যে একটি চার-অংশ বিশিষ্ট কাঠামো; এবং আমাদের উদ্বোধনী NYCPS কেয়ারস কোহর্টের 119-টি স্কুলে ট্রমা-ইনফর্মড কেয়ার (মানসিক আঘাতের বিষয়টি বিবেচনায় রেখে সেবাদান) সম্পর্কিত প্রশিক্ষণ সম্প্রসারণ করা।

এবং পরিশেষে, আরেকটি প্রথম পদক্ষেপ হিসেবে, আমরা একটি NYC পাবলিক স্কুলস্ অ্যাকাউন্টেবিলিটি টুল (দায়বদ্ধতা সম্পর্কিত উপকরণ) প্রকাশ করেছি—যা স্বচ্ছতা নিশ্চিত করার এবং আমাদের অগ্রগতি স্পষ্টভাবে তুলে ধরার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমি আপনাকে এই টুলটি অন্বেষণ করতে এবং নিয়মিতভাবে এটির প্রতি চোখ রাখার জন্য উৎসাহিত করছি, কারণ আমরা শিক্ষা বছর জুড়ে তথ্য হালনাগাদ করবো।

সোমবারের অনুষ্ঠানটি ছিল অনন্য এবং উদ্দীপনাময়। আমরা যতদূর এসেছি তাতে আমি অত্যন্ত গর্বিত, তবে সামনে অনেক কাজ বাকি আছে তা আমি সম্পূর্ণরূপে উপলব্ধি করি। আমার বক্তব্যের শেষভাগে যেমনটি বলেছিলাম, একটি স্ফুলিঙ্গ একটি সূচনার প্রতিনিধিত্ব করে—এবং NYCPS-এ, আমরা সবেমাত্র শুরু করছি।

অংশীদারিত্বে,

মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)
চ্যান্সেলর

**চ্যান্সেলরের স্পটলাইট:**
স্টেট অভ আওয়ার স্কুলস্ প্যানেল আলোচনায় অংশগ্রহণকারী সিন্ডি ফ্লোরেস (Cindy Flores) ব্রংক্সে অবস্থিত ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট লার্নিং-এর অষ্টম গ্রেডের ম্যাথ (গণিত) শিক্ষিকা। PS 89-এ মিডল্ স্কুলের শিক্ষার্থী থাকাকালে তার গণিতের প্রতি ভালোবাসা গড়ে উঠে—এবং বর্তমানে তিনি শিক্ষকতার 13-তম বছর পার করছেন! প্যানেল চলাকালে, মিজ ফ্লোরেস (Ms. Flores) তার ক্লাসরুমে NYC সলভস্-এর ইতিবাচক প্রভাব সম্পর্কে কথা বলেছেন, যেমনটি তার দুই ছাত্র, অ্যাভ্রিল (Avril) এবং ডেরেক (Derek) বলেছে। তিনি তার শিক্ষার্থীদের সম্পর্কে বলেন যে, "তারা হলো বিকাশমান গণিতবিদ।" "তারা আমাকে এই কাজ চালিয়ে যাবার জন্যে উজ্জীবিত করে।"

*কোনো ব্যক্তি অথবা প্রোগ্রামকে চ্যান্সেলরের স্পটলাইট-এর জন্য এখানে মনোনয়ন দিন।*

**আমাদের হাইলাইট ভিডিও:**



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের ইউটিউব পেজ দেখুন।
অনুবাদিত সাবটাইটেল পেতে: "CC" আইকন-এ ক্লিক করুন। "সেটিং" (Setting) আইকন-এ ক্লিক করুন এবং "Subtitles/CC" বেছে নিন। "Auto Translate" (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

**NYCPS-এর সংবাদ এবং তথ্য-সংস্থান:**

- দ্যা মর্নিং বেল-এ অক্টোবরের মুখ্য তারিখ ও অনুষ্ঠানগুলো দেখে নিন।
- বিভিন্ন অতিরিক্ত খবর এবং তথ্য-সংস্থানের জন্য, অনলাইনে ফেসবুক, ইনস্টাগ্রাম, X, এবং ইউটিউব-এ NYCPS-কে অনুসরণ করুন।
- এখানে মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও দেয়া হলো। আপনি মেয়রের অফিস থেকে সরাসরি সর্বসাম্প্রতিক তথ্য পেতে সাইন আপ করতে পারেন।

NYCPS পরিবারবর্গ: আপনি এই নিউজলেটারটি আর পেতে না চাইলে, অনুগ্রহ করে আনসাবস্ক্রাইব-এ ক্লিক করুন।